

**ঢাকা বিশ্ববিদ্যালয়ের
৭৫ বছর পূর্তি উপলক্ষে
অনুষ্ঠানমালা**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি উপলক্ষে আবাসিক হলসমূহের উদ্যোগে ১৯শে জুলাই, দিনব্যাপী বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা (৪র্থ পৃঃ প্রঃ)

**ঢাকা বিশ্ববিদ্যালয়ের
(৩য় পৃঃ পর)**

হইয়াছে।

বিশ্ববিদ্যালয়ের কলাভবন সংলগ্ন মূল এলাকায় সকাল সাড়ে ৯টায় ৭৫টি কবুতর অবমুক্ত করার মধ্যদিয়া এই বর্ণাঢ্য অনুষ্ঠানের সূচনা হইবে। পরপরই তিসি অধ্যাপক এমাজউদ্দীন আহমদের সভাপতিত্বে একটি স্মৃতি-চারণমূলক অনুষ্ঠান অনুষ্ঠিত হইবে। প্রধান অতিথি থাকিবেন জাতীয় অধ্যাপক ও হাজী মুহম্মদ মুহসীন হলের প্রাক্তন প্রধান অধ্যাপক ডঃ এম. ইয়াস আলী। বিশেষ অতিথি থাকিবেন প্রফেসর ইমেরিটাস ও সলিমুল্লাহ হলের প্রাক্তন অধ্যাপক ডঃ মফিজউদ্দীন আহমেদ। এই উপলক্ষে অনুষ্ঠান স্থলে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয়ের পতাকা এবং হল সমূহের পতাকা উত্তোলন করা হবে। সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের কলাভবন, কার্জন হল এবং উপাচার্য ভবন আলোকসজ্জিত করা হইবে।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে (দুপুর ১১টা হইতে সাড়ে ৩টা) বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র-ছাত্রী, আমন্ত্রিত অতিথিবৃন্দ এবং বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের সদস্যবৃন্দ আবাসিক হলসমূহ পরিদর্শন করিবেন। হলগুলিতে এই উপলক্ষে উন্নতমানের খাবারের ব্যবস্থা থাকিবে।

তৃতীয় পর্বে (বিকেল ৪টা থেকে সন্ধ্যা ৭টা) বিশ্ববিদ্যালয়ের মূল এলাকায় মঞ্চে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, ছাত্র, কর্মকর্তা, কর্মচারী, ডাক্তার এবং হল সংসদসমূহের প্রাক্তন সহ-সভাপতি সাধারণ সম্পাদক ও অন্যান্য কর্মকর্তা সকল হলের প্রাক্তন প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক, সাংবাদিক এবং সমাজের বিশিষ্ট নেতৃবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের সকল প্রাক্তন ছাত্র-ছাত্রীকে ও অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হইয়াছে।

— প্রেস বিজ্ঞপ্তি